


নং-২০.০০.০০০০.৩০৪.১১.০৩৭.১৪-২৪৩

তারিখ: ১৩ ভাদ্র, ১৪২৫ বঙ্গাব্দ
২৮ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

পরিকল্পনা বিভাগের রাজস্ব খাতের শূন্যপদে জনবল নিয়োগের জন্য গত ১৭/০৮/২০১৮ তারিখে দৈনিক ইত্তেফাক এবং ১৯/০৮/২০১৮ তারিখে দৈনিক জনকণ্ঠ দু'টি জাতীয় দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। নিয়োগ বিজ্ঞপ্তিতে গ্রেড ১৩ থেকে গ্রেড ১৬ পদের আবেদনকারীগণকে পরীক্ষার ফি বাবদ ১০০(একশত) টাকা এবং গ্রেড ২০ পদের আবেদনকারীগণকে ৫০(পঞ্চাশ) টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-এর অনুকূলে (কোড নং-১১৪০১০১১০৩৩৬৩-১৪২২৩২৬) অফেরতযোগ্য ট্রেজারী চালানের মাধ্যমে জমা করে চালানের মূল কপি আবেদন পত্রের সাথে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে।

অর্থ বিভাগ কর্তৃক প্রকাশিত ২০১৮-২০১৯ অর্থ বছরের বাৎসরিক বাজেট বই-এ সংযুক্ত তহবিল প্রাপ্তির ক্ষেত্রে (সরকারি কোষাগারে অর্থ জমাদান সংক্রান্ত) পূর্বের কোড ০১-১৪০১-০০০১-২০৩১ এর পরিবর্তন করে পরিকল্পনা বিভাগের জন্য কোড নং-১১৪০১০১১০৩৩৬৩-১৪২২৩২৬ প্রকাশ করা হয়েছে। সে মোতাবেক পরিবর্তিত কোড উল্লেখপূর্বক নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। সোনালী ব্যাংক এর বিভিন্ন শাখা নতুন প্রবর্তিত কোডে পরীক্ষার ফি বাবদ টাকা জমা গ্রহণ করছে না এবং তারা এ নতুন কোড এর বিষয়ে অবগত নন মর্মে বিভিন্ন সময়ে চাকরি প্রার্থীগণ টেলিফোনে পরিকল্পনা বিভাগকে জানাচ্ছে। বিষয়টি নিরসনকল্পে ইতোমধ্যে অর্থ বিভাগে পত্র প্রেরণসহ যোগাযোগ করা হয়েছে। অর্থ বিভাগ হতে মতামত পাওয়ার পর পরিকল্পনা বিভাগের ওয়েবসাইট (www.plandiv.gov.bd) এবং ২টি জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে পরবর্তী করণীয় সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হবে।


(মোহাম্মদ তৌফিকুল ইসলাম)
উপসচিব
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
পরিকল্পনা বিভাগ